মেমো নং-১৮৫২/মে.সে/প. তারিখঃ ০৯/০৭/২০২৩

অধ্যক্ষ,
ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল নার্সিং কলেজ

বিষয় ঃ- **২০২২ সনের নিয়মিত এবং অন্যান্য সনের সম্পূরক প্রথম বর্ষ / দ্বিতীয় বর্ষ বিএসসি ইন নার্সিং / পাবলিক হেলথ নার্সিং / মিডওয়াইফারি (পোস্ট বেসিক) পরীক্ষার ফরমপূরণ ও ফিস জমা দেওয়া প্রসংগে।**

জনাব,

২০২২ সনের নিয়মিত এবং অন্যান্য সনের সম্পূরক প্রথম বর্ষ / দ্বিতীয় বর্ষ বিএসসি ইন নার্সিং / পাবলিক হেলথ নার্সিং / মিডওয়াইফারি (পোস্ট বেসিক) পরীক্ষায় অংশ গ্রহণ করিতে ইচ্ছুক আপনার কলেজের পরীক্ষার্থীদের ফরমপূরণ ও ফিস্ বিনা বিলম্ব ফিসে আগামী ১৮/০৭/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ স্ব-স্ব-কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস্ অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। **"www.ducmc.com"** এই লিংকে প্রবেশ করিয়া ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ১৮/০৭/২০২৩ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস্ জমা নেওয়া সম্ভব হইবে না।

| পরীক্ষার ফিস্ ও অন্যান্য ফিসের হার | | |
|---|---|---|
| | **২য় বর্ষ বি.এসসি. ইন নার্সিং** | **১ম বর্ষ বি.এসসি. ইন নার্সিং** |
| ১ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ---------------------- | ১,০৮৮/০০ টাকা। | ৮৬৩/০০ টাকা। |
| ২ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ---------------------- | ১,২৭৫/০০ টাকা। | ১,০৯৫/০০ টাকা। |
| ৩ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ---------------------- | ১,৪৭০/০০ টাকা। | ১,৩১৩/০০ টাকা। |
| ৪ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ---------------------- | ১,৬৬৫/০০ টাকা। | ১,৪৭০/০০ টাকা। |
| ৫ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ---------------------- | ১,৮৩৮/০০ টাকা। | ১,৬৩৫/০০ টাকা। |
| ৬ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ---------------------- | ১,৯৯৫/০০ টাকা। | ১,৭৬৩/০০ টাকা। |
| ৭ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ---------------------- | ২,১৭৫/০০ টাকা। | ১,৮৯০/০০ টাকা। |
| ৮ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ---------------------- | ২,৩৭০/০০ টাকা। | ২,২৫০/০০ টাকা |
| ৯ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ---------------------- | ২,৪৩০/০০ টাকা | |
| ১০ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ --------------------- | ২,৬২৫/০০ টাকা। | |
| ১১ বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ --------------------- | ৩,০০০/০০ টাকা। | |
| প্রত্যেক পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস্----------------------৪৫০/০০ টাকা। | | |
| প্রতি পরীক্ষার্থীর রিটেনশন ফিস্----------------------৭৫০/০০ টাকা। | | |
| প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফিস্---------------------------৭৫০/০০ টাকা। | | |
| **প্রতি পরীক্ষার্থীর সাময়িক সনদ ফিস্ (নিয়মিত)-----------২০০/০০ টাকা। (শুধু চূড়ান্ত নার্সিং)** | | |

নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম ও ফিস্ দাখিল করিতে হইবে ঃ

১। দেয় ফিসের টাকা **"Fees from the Constituent College"** এই শিরোনামে পে-অর্ডার/ডিডি তৈয়ার করিয়া জমা দিতে হইবে। পে-অর্ডার/ডিডি অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হইতে হইবে।

২। যে সকল পরীক্ষার্থী দ্বিতীয় বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীকে **"Irregular"** পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস্ পরিশোধ করিতে হইবে।

৩। যে সকল পরীক্ষার্থী প্রথম বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীকে **"Regular"** পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস্ পরিশোধ করিতে হইবে না।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৪। পরীক্ষার্থী অনলাইনে ফরমপূরণের পর পূরণকৃত ফরম ডাউনলোড করিতে হইবে। ডাউনলোডকৃত ফরমে পরীক্ষার্থী স্বাক্ষর করিয়া কলেজে জামা দিতে হইবে।

৫। প্রত্যেক বিষয়ের ক্লাশে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। পরীক্ষার্থীরা অনলাইন ফরমপূরণ সম্পন্ন করার পর পরীক্ষার্থীর নাম, তাহাদের পূর্ববর্তী পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটের সঙ্গে যাচাই করিতে হইবে এবং অনলাইনে পরীক্ষার্থীর "**No. of lectures**", "**No. of demonstartions**", "**Practical & Clinical Classes**", "**Tutorials**", "**Remarks**" ঘরসমূহ পূরণ করিয়া কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীকে "**Verify**" করিবেন।

৬। কলেজ কর্তৃক "**Verify**" কৃত পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষার্থী হিসেবে গণ্য হইবে। শুধু তাহারাই "**Admit Card**" ডাউনলোড করিতে পারিবে। ডাউনলোডকৃত "**Admit Card**" কলেজের অধ্যক্ষ মহোদয় সত্যায়িত করিয়া পরীক্ষার্থীদের নিকট হস্তান্তর করিবেন।

৭। ফরমে উল্লেখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে/বিষয়সমূহে পরীক্ষায় অংশ গ্রহণ করিলে প্রদত্ত পরীক্ষা বাতিল বলিয়া গণ্য হইবে।

৮। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস জমা দেওয়া যাইবে না।

৯। কলেজের অধিভুক্তি নবায়নের ফটোকপি সত্যায়িত করিয়া জমা দিতে হইবে।

১০। ফিস্ দাখিলের ক্ষেত্রে ডাকযোগে না পাঠাইয়া কলেজের লোক মারফত অত্র অফিসে দাখিল করিতে হইবে। এই জন্য কোন টি.এ./ডি.এ. দেওয়া হইবে না।

১১। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে ডিডি/পে-অর্ডার জমা দিতে হইবে এবং ফিসের হিসাবের বিস্তারিত বিবরণ উল্লেখ করিতে হইবে।

১২। পর পর ০৪ (চার) বার অকৃতকার্য পরীক্ষার্থীরা ৫ম বারের জন্য আসন্ন পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে না। চিকিৎসা অনুষদের ডিন মহোদয়ের অনুমতি নিয়া পর পর ০৪ (চার) বার অকৃতকার্য পরীক্ষার্থীরা ৬ষ্ঠ বারের জন্য আসন্ন পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে।

১৩। সোনালী, জনতা ও অগ্রণী ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের ডিডি/পে-অর্ডার জমা দেওয়া যাইবে না।

১৪। **প্রশাসনিক কাজের সুবিধার্থে সকল পরীক্ষার্থীর ফিস্ একবারে প্রেরণ করিতে হইবে। ফিস্ বার বার প্রেরণ করা যাইবে না।**

১৫। **ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে প্রত্যেক পরীক্ষার্থীর এন্ট্রি ফরম বাবদ জনপ্রতি ১০০/- (একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার "Controller of Examinations (33011288)" শিরোনামে অত্র অফিসে জমাদানের জন্য অনুরোধ করা যাইতেছে। নগদ/চেক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না।**

প্রশাসনিক ভবন,
ঢাকা বিশ্ববিদ্যালয়।

আপনার বিশস্ত
স্বাক্ষর/-
(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়

মেমো নং-**১৮৫৩**/মে.সে/প. তারিখঃ ০৯/০৭/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

১। মাননীয় ডিন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

মোঃ বাহালুল হক চৌধুরী
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়